

রূপাণী বাংলাদেশ

[রূপাণী ডেস্ক](#)

প্রকাশিত: আগস্ট ২, ২০২৫, ০২:০৭ এএম

‘বই, বিপ্লব ও ভবিষ্যৎ : জুলাই ২০২৪-এর দৃষ্টিকোণ’ শীর্ষক শিরোনামে শিক্ষার্থীদের নিয়ে উত্তরা ইউনিভার্সিটির এম আজিজুর রহমান লাইব্রেরির উদ্যোগে এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বেলা ২টায় অনুষ্ঠিত ওই সেমিনারে সভাপতিত্ব করেন উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. ইয়াসমীন আরা লেখা। প্রধান অতিথি ও কী-নোট স্পিকার হিসেবে উপস্থিত ছিলেন আমার দেশ পত্রিকার সম্পাদক মাহমুদুর রহমান।

ছাত্র-ছাত্রীদের মধ্যে পাঠাভ্যাস, ইতিহাস সচেতনতা ও সামাজিক পরিবর্তনের লক্ষ্যে ওই সেমিনার আয়োজন করা হয়। এ ছাড়া জুলাই বিপ্লব বাংলাদেশের রাজনৈতিক উত্তরণ ও সামাজিক জাগরণের প্রতীক হিসেবে আগামীতে দেশ গড়াতে কীভাবে সহায়তা করবে এসব বিষয় উঠে আসে সেমিনারে।

জুলাই গণঅভ্যুত্থানের সম্মান রক্ষায় তরুণদের উদ্দেশ্যে মাহমুদুর রহমান বলেন, ‘ছাত্র-জনতার রক্তের মধ্য দিয়ে এই বিপ্লব হয়েছে। এই বিপ্লবকে বিপথগামী করা যাবে না। সব বিভেদ ভুলে ঐক্য ধরে রাখতে হবে। কোনো প্রকার ফ্যাসিস্টি ও স্বৈরাচারিকে আর সুযোগ দেওয়া হবে না। শিক্ষার্থীরা হলো আগামীর ভবিষ্যৎ, দেশ পরিচালনা করতে হলে অধিক পড়ালেখার কোনো বিকল্প নেই, প্রচুর জানতে হবে ও দেশের স্বার্থ রক্ষায় তোমাদের এগিয়ে আসতে হবে।’

গণঅভ্যুত্থানের শিক্ষার্থীদের পাশে সব সময় উত্তরা ইউনিভার্সিটি ছিল এমনটি মন্তব্য করে প্রফেসর ড. ইয়াসমীন আরা লেখা বলেন, আন্দোলন থেকে শিক্ষা নিতে হবে, তোমরা অনেক কিছু করতে পারো। বিশ্ববিদ্যালয় থেকে অর্জিত জ্ঞান ও দক্ষতা দিয়ে দেশ, জাতি তথা সমাজের উন্নয়নেও কাজ করতে।

‘জুলাই বিপ্লব’কে কেন্দ্র করে ইউনিভার্সিটির বিভিন্ন বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে একটি কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। ওই কুইজে বিজয়ীদের পুরস্কার তুলে দেন আমন্ত্রিত অতিথিরা।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ইউনিভার্সিটির রেজিস্ট্রার কাজী মহিউদ্দিন, পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী, বিভিন্ন অনুষদের ডিন, ডিরেক্টর, বিভাগীয় প্রধানগণ, শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারী।

রূপাণী বাংলাদেশ